যুগান্তর

তারিখ ... 26. MAY. 2003...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ......

# বিসিএসের জন্য বাংলা ইংরেজিতে শতকরা ৪৫ নম্বর থাকতে হবে এমন সিদ্ধান্ত হয়নি : পিএসসি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় বাংলা ও ইংরেজি বিষয়ে পৃথকভাবে কমপক্ষে শতকরা ৪৫ নম্বরধারী প্রার্থীদের বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে- এ বিষয়টি কেবল সরকারি কর্মকমিশনে আলোচিত হয়েছিল। আলোচিত বিষয়টি বার্ষিক প্রতিবেদন ২০০২-এ উল্লেখ করা হয়। এ ব্যাপারে সরকারের কাছে কোন আনুষ্ঠানিক প্রস্তাব পেশ করা হয়নি এবং কোন সিদ্ধান্তও গ্রহণ করা হয়নি। বিসিএস'র ক্ষেত্রে কোটা প্রথা পুনঃনির্ধারণ করে মেধাভিত্তিক প্রার্থী নির্বাচনের ব্যাপারে কমিশন সক্রিয় চিন্তাভাবনা করছে এবং ইতিমধ্যে কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সরকারি কর্মকমিশন আশা করছে এরপর এ সংক্রান্ত সব বিভ্রান্তি নিরসন হবে। তথ্য বিবরণী।